

তদবিরে ভিসি নিয়োগ নয়

পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোয় ভিসি নিয়োগের নির্ধারিত মেয়াদ পূর্ণ হওয়ার প্রেক্ষাপটে ভিসি পদে পাদসাবদের হওয়া দেখেছে। বিশ্ববিদ্যালয়ে ভিসি নিয়োগ আর বিদ্যায়ের বিষয়টি স্বাভাবিক ঘটনার অংশ। একজনের মেয়াদ পূর্ণ হলে হয় তিনি চলে যাবেন বা পুনঃনিয়োগ পাবেন অথবা নতুন কেউ দায়িত্ব নেবেন। এ প্রক্রিয়ায় মন্ত্রণালয় ও দফতর শিককদের ভিসি পদে নিয়োগ দেয়ার কথা থাকলেও ব্যতীত হতে পারে। যখন যে দল কর্মতায় থাকে সেই দলের সমর্থকরাই মূলত বিশ্ববিদ্যালয়ের ভিসি ও শিককসহ অন্যান্য গুরুত্বপূর্ণ পদে নিয়োগ পেয়ে থাকেন। ফলে তারা বিশ্ববিদ্যালয়গুলোর দলীয় স্বার্থের প্রচার-প্রসারসহ বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির হয়ে যুক্ত হয়ে পড়েন। দেশে দুর্নীতির বিস্তার প্রায় সর্বব্যাপী। তবে সর্বোচ্চ বিদ্যাপীঠের শিকক, কর্তৃকর্তা, বিশেষ করে ভিসির বিরুদ্ধে দুর্নীতি ও অনিয়মের অভিযোগ ওঠা সবচেয়ে উদ্বেগের বিষয়। শিককরা হচ্ছেন বিদ্যা ও জ্ঞানদাতা। শিক্ষার্থীরা তাদের কাছ থেকে ন্যায়-অন্যায় শিখবে। অর্থাৎ শিককরাই যদি দুর্নীতি-অনিয়ম ও দলবাজিতে যুক্ত হয়ে পড়েন, তবে জাতি হিসেবে আমাদের ভবিষ্যৎ অন্ধকার হতে পারে।

বর্তমানে দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর অনিয়ম ও দুর্নীতির যে চিত্র দেখা যায়, তা উদ্বেগজনক। জনশ্রুতির টাকায় পরিচালিত এবং উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে দুর্নীতি-অনিয়ম যেন প্রতিষ্ঠানিক রূপ পেয়েছে। বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভিসি হিসেবে নিয়োগ পাওয়ার পর অনেকেই শিককসহ অন্যান্য নিয়োগ, কেনাকাটা, বিভিন্ন খাতে অর্থ আত্মসাৎ, ফল জাদিয়াতি, এমনকি ছাত্র বুনের ঘটনায় মদন দেয়াসহ বিভিন্ন ধরনের দুর্নীতি ও ফলেফারিতে জড়িয়ে পড়ছেন। এক সময় ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের বিশেষ সুনাম ও মর্যাদা ছিল। এই সুনাম ও মর্যাদা দেশের গতি পরিণয়ে বিমূর্ষ হতে চলেছে। দুঃখজনক হল, বিশ্ববিদ্যালয়গুলোর সেই গৌরব ও ঐতিহ্য আমরা ধরে রাখতে পারিনি। এর কারণ, অতীতে যেসব ব্যক্তি বিশ্ববিদ্যালয়ে শিককতা পেশায় নিয়োজিত হতেন, তারা পাঠদান ও শিক্ষা সংক্রান্ত প্ৰবেশপত্র বাইরে ব্যক্তি স্বার্থপরভাবে কিছু করার কথা চিন্তাও করতেন না। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের ভিসি থেকে শুরু করে অনেক শিককের নিয়োগ প্রক্রিয়া দলীয়ভাবে সম্পন্ন হওয়ার দলের প্রয়োজনে শিককরা দায়িত্ব বাহিনীর জমিদারী অবতীর্ণ হতেও বিচলিত করেন না। এ অবস্থার অবসান হওয়া দরকার। একমাত্র যোগ্যতা ও মেধার ভিত্তিতেই নতুন ভিসি ও অন্যান্য নিয়োগ প্রক্রিয়া পরিচালনা করা হবে।